



সমৃদ্ধি কর্মসূচীর আওতায় জরুরী অভ্যন্তরীণ নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF) এর সহায়তায় সুনামগঞ্জ জেলার সুরমা ইউনিয়নে সংস্থা কর্তৃক বাস্তবায়নধীন “সমৃদ্ধি কর্মসূচী” এর “সমন্বয়কারী” পদটি সংস্থার প্রধান কার্যালয় বা মাঠ পর্যায়ে বর্তমানে কর্মরত সিনিয়র অফিসার / এরিয়া ম্যানেজার বা এর সমমান পদমর্যাদার কোন কর্মীকে ডেপুটেশনে দায়িত্ব প্রদানের মাধ্যমে (সম্ভাব্য বদলি জনিত শূণ্য পদ) পূরণের ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে নিম্নে উল্লেখিত ক্রাইটেরিয়া অনুযায়ী যোগ্য এবং নিম্নে বর্ণিত দায়িত্ব পালনে সক্ষম হবেন এমন আগ্রহী কর্মীদের (সিনিয়র অফিসার / এরিয়া ম্যানেজার পদমর্যাদার) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে “নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, ঢাকা-১২০৭” এর বরাবর আবেদন করার জন্য বলা হলো। তবে একান্ত প্রয়োজনে সরাসরি আবেদন প্রেরণ করা যাবে।

পদের নাম : সমৃদ্ধি কর্মসূচী সমন্বয়কারী (সুরমা)

পদ সংখ্যা : ০১ টি

কর্মস্থল : সুরমা ইউনিয়ন, সুনামগঞ্জ সদর উপজেলা।

প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা : সর্বোচ্চ ৪০ বছর। স্নাতক / স্নাতকোত্তর পাশ। এছাড়া উন্নয়নমূলক কার্যক্রমের ব্যবস্থাপকীয় পদে কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতার পাশাপাশি অফিস, কর্মী, সম্পদ, ঋণ, সঞ্চয়, হিসাব ও তথ্য ব্যবস্থাপনা কাজে বাস্তবসম্মত জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে MS Word, MS Excel, MS Power Point এর কাজে পারদর্শী, ইংরেজী ও বাংলা লেখা এবং বলায় সাবলীল এবং সুন্দর বাচনভঙ্গীর অধিকারী হতে হবে। বৈধ লাইসেন্স ও কাগজসহ নিজস্ব মোটরসাইকেল থাকা আবশ্যিক। সংস্থা কর্তৃক প্রণীত “সমন্বিত উন্নয়ন কৌশল (HDA)” এর আলোকে নতুন নতুন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে অভিজ্ঞতা, দক্ষতা, সৃষ্টিশীলতা ও সৃজনশীলতা অত্যাবশ্যিক যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

➤ **দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ :** সমৃদ্ধি কর্মসূচীর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা তৈরী করা। লক্ষিত জনগোষ্ঠীদের মাঝে নমনীয় ঋণসহ নতুন উদ্যোগে বিভিন্নমুখী ঋণ/অনুদান সহায়তা যেমন: স্কুলগামী ছেলে-মেয়েদের লেখা-পড়ায়, পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবার অভিজ্ঞতায়, বসতবাড়ি উন্নয়নে, বাড়ীতে সৌর বিদ্যুৎ ও বায়ো-গ্যাস প্লান্ট স্থাপনে, পরিবেশসম্মত উন্নত চুলা ব্যবহারে এবং পরিবারের সক্ষম/সবল সদস্যদের কর্মস্থানের জন্য বিদেশে প্রেরণের ক্ষেত্রে ঋণ/অনুদানে সহায়তা করা। চিহ্নিত পরিবারগুলোর সক্ষমতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কারিগরি/বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা। কর্ম এলাকায় কৃষি/প্রাণী সম্পদ ভিত্তিক উপযোগী আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের (যেমন: বসত ভিটায় শাক-সবজী, ঔষধি গাছের চাষ, গবাদি পশু, হাঁস-মুরগী, মৎস্য খামার প্রভৃতি) সম্ভাবতা যাচাই, বাস্তবায়ন ও এসবের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের ক্ষেত্রে সুষ্ঠু সমন্বয়, তদারকি ও ব্যবস্থাপনা নিশ্চিত করা। উপকারভোগী পরিবারের সদস্যদের প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান নিশ্চিত করা। কর্ম এলাকায় মানবধিকার নিশ্চিতকরণ, লিঙ্গবৈষম্য দূরীকরণ ও সামাজিক সচেতনতা সৃষ্টিতে ব্যাপক প্রচারণার পাশাপাশি বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার ও ক্যাম্পের আয়োজন করা। ফোকাল পারসনস হিসেবে কর্মসূচীর স্বাস্থ্য কর্মকর্তা, উদ্যোগ উন্নয়ন কর্মকর্তা, সমাজ উন্নয়ন কর্মকর্তা, এমআইএস কর্মকর্তাদের কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ ও নিয়মিত ফলোআপ করার পাশাপাশি কার্যক্রমের নিয়মিত অনসাইট ও অফসাইট মনিটরিং নিশ্চিত করা। কর্মসূচী সংক্রান্ত সকল ধরনের প্রতিবেদন প্রস্তুত করা। দাতা সংস্থা সহ স্থানীয় সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে নিয়মিত যোগাযোগ ও সুসম্পর্ক বজায় রাখা। সর্বোপরি, সমৃদ্ধি কর্মসূচীর সার্বিক কার্যক্রম বাস্তবায়নে ব্যবস্থাপকীয় দায়িত্ব পালন সহ কর্মসূচীর সফলতা অর্জন নিশ্চিত করা।

➤ **মাসিক বেতন-ভাতা :** আবেদনকারী তার বর্তমান মাসিক বেতনের সঙ্গে নিয়মিত কর্মী হিসেবে পদমর্যাদা অনুযায়ী প্রযোজ্য অন্যান্য আর্থিক সুবিধাদি নিয়মানুযায়ী প্রাপ্য হবেন।

আগ্রহী কর্মীদের আবেদনপত্র (কর্মী পরিচিতি নম্বর, পদবী ও কর্মস্থল উল্লেখ সহ) স্ব স্ব তত্ত্বাবধায়কের সুপারিশ সহ/ছাড়া আগামী ১৪/০৮/২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে মানব সম্পদ ও প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয় এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।